

প্রিমিয়ার ইউনিভার্সিটিতে বিতর্ক উৎসব শুরু যুক্তি সত্যকে এগিয়ে নিয়ে যায় : ড. অনুপম সেন

প্রিমিয়ার ইউনিভার্সিটি কেন্দ্রীয় বিতর্ক সংগঠন পিইউডিএসের উদ্যোগে শুরু হয়েছে দশম পিইউডিএস জাতীয় বিতর্ক উৎসব। আয়োজনে আরও রয়েছে দশম আন্তর্জাতিক বিশ্ববিদ্যালয় বিতর্ক প্রতিযোগিতা, বিভিন্ন মডেলের প্রদর্শনী বিতর্ক ও বিতর্কিক সম্মাননা। 'চেতনার আকাশে উড়াই যুক্তির ঘুড়ি'- শ্লোগানকে সামনে রেখে গতকাল বৃহস্পতিবার, দশম পিইউডিএস জাতীয় বিতর্ক উৎসবের উদ্বোধনী অনুষ্ঠানে উদ্বোধক ও প্রধান অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। বিশেষ অতিথি ছিলেন ইউনিভার্সিটির ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক, রেজিস্ট্রার খুরশিদুর রহমান ও পিইউডিএসের মডারেটর সঞ্জয় বিশ্বাস। সভাপতিত্ব করেন পিইউডিএসের চিফ মডারেটর জুলিয়া পারভিন।



বিতর্ক উৎসবের উদ্বোধনীতে বক্তব্য রাখছেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন

প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বলেন, সভ্যতার সূচনা ও সভ্যতার অগ্রগতির সঙ্গে যুক্তির একটা বড়ো সম্পর্ক রয়েছে। যুক্তি সত্যকে এগিয়ে নিয়ে যায়। আমরা কার্যকারণের বলি; কারণ কাজের পেছনেও একটা কারণ থাকে। এটা হলো যুক্তি। বিজ্ঞানে যুক্তিকে সেভাবে দেখা হয়। কার্যকারণের সম্পর্ক যারা খণ্ডন করার চেষ্টা করেছেন, শেষ পর্যন্ত তারাও স্বীকার করতে বাধ্য হয়েছেন, প্রতিটি কাজের নেপথ্যে একটা কারণ থাকে। অর্থাৎ তারা যুক্তিকে মেনে নিয়েছেন। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পিইউডিএসের মডারেটর হিল্লোল সাহা, নিলুফার সুলতানা, মিনহাজ হোসেন, সাইফুদ্দিন মুন্না, ফারিয়া হোসেন বর্ষা, দুহিতা চৌধুরী, তানিয়াহ্ মাহমুদা তিল্লি, পিইউডিএসের সহ-সভাপতি মো. জোনায়েদ ও সাধারণ সম্পাদক মেহেদী রহমান নিকাশ। দেশের ২৪টি স্কুল, ১২টি কলেজ ও ৩২টি বিশ্ববিদ্যালয় নিয়ে শুরু হয়েছে এবারের আয়োজন। প্রেস বিজ্ঞপ্তি।

দশম পিইউডিএস জাতীয় বিতর্ক উৎসব শুরু বিতর্ক ও জ্ঞানের ভিত্তি যুক্তি : ড. অনুপম সেন

প্রিমিয়ার ইউনিভার্সিটি কেন্দ্রীয় বিতর্ক সংগঠন পিইউডিএস-এর উদ্যোগে শুরু হয়েছে 'দশম পিইউডিএস জাতীয় বিতর্ক উৎসব-২০২৩'। এবারের উৎসবের প্রথম আয়োজন চতুর্থ আন্তঃস্কুল বিতর্ক প্রতিযোগিতা ও চতুর্থ আন্তঃকলেজ বিতর্ক প্রতিযোগিতা। এই আয়োজনে আরও রয়েছে দশম আন্তঃবিশ্ববিদ্যালয় বিতর্ক প্রতিযোগিতা, বিভিন্ন মডেলের প্রদর্শনী বিতর্ক ও বিতর্কিক সম্মাননা। 'চেতনার আকাশে উড়াই যুক্তির ঘুড়ি' এই স্লোগানকে

ডিএস-এর চিফ মডারেটর জুলিয়া পারভিন।

উদ্বোধক ও প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন 'বিতর্ক ও জ্ঞানের ভিত্তি হলো যুক্তি' উল্লেখ করে বলেন, সভ্যতার সূচনা ও সভ্যতার অগ্রগতির সঙ্গে যুক্তির একটা বড়ো সম্পর্ক রয়েছে। যুক্তি সত্যকে এগিয়ে নিয়ে যায়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পিইউডিএস-এর মডারেটর হিলোল সাহা, নিলুফার সুলতানা, মিন-হাজ হোসেন, সাইফুদ্দিন মুন্না, ফারিয়া



প্রিমিয়ার ইউনিভার্সিটিতে দশম পিইউডিএস জাতীয় বিতর্ক উৎসবের উদ্বোধনীতে বক্তব্য রাখছেন উপাচার্য ড. অনুপম সেন

সামনে রেখে গত ২৩ ফেব্রুয়ারি 'দশম পিইউডিএস জাতীয় বিতর্ক উৎসব-২০২৩'-এর উদ্বোধনী অনুষ্ঠানে উদ্বোধক ও প্রধান অতিথি ছিলেন উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। বিশেষ অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক, রেজিস্ট্রার খুরশিদুর রহমান ও পিইউডিএস-এর মডারেটর সঞ্জয় বিশ্বাস। সভাপতিত্ব করেন পিইউ-

হোসেন বর্ষা, দুহিতা চৌধুরী, তানিয়াহ্ মাহমুদা তিন্নি, পিইউডিএস-এর সহ-সভাপতি মো. জোনায়েদ ও সাধারণ সম্পাদক মেহেদী রহমান নিকাশ। দেশের ২৪টি স্কুল, ১২টি কলেজ ও ৩২টি বিশ্ববিদ্যালয় নিয়ে শুরু হয়েছে এবারের আয়োজন। আগামী ৪ মার্চ প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে এই প্রতিযোগিতার সমাপনী ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হবে।-বিজ্ঞপ্তি



বিতর্ক উৎসবের উদ্বোধনীতে বক্তব্য দেন উপাচার্য ড. অনুপম সেন

বিতর্ক ও জ্ঞানের ভিত্তি হলো যুক্তি : ড. অনুপম সেন

প্রিমিয়ার ইউনিভার্সিটি কেন্দ্রীয় বিতর্ক সংগঠন পিইউডিএস-এর উদ্যোগে শুরু হয়েছে 'দশম পিইউডিএস জাতীয় বিতর্ক উৎসব-২০২৩'। এবারের উৎসবের প্রথম আয়োজন চতুর্থ আন্তঃস্কুল বিতর্ক প্রতিযোগিতা ও চতুর্থ আন্তঃকলেজ বিতর্ক প্রতিযোগিতা। এই আয়োজনে আরও রয়েছে দশম আন্তর্জাতিক বিশ্ববিদ্যালয় বিতর্ক প্রতিযোগিতা, বিভিন্ন মডেলের প্রদর্শনী বিতর্ক ও বিতর্কিক সম্মাননা। 'চেতনার আকাশে উড়াই যুক্তির ঘুড়ি' এই শ্লোগানকে সামনে রেখে ২৩ ফেব্রুয়ারি 'দশম পিইউডিএস জাতীয় বিতর্ক উৎসব-২০২৩' এর উদ্বোধনী অনুষ্ঠানে উদ্বোধক ও প্রধান অতিথি ছিলেন উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। বিশেষ অতিথি ছিলেন ট্রেজারার প্রফেসর একেএম তফজ্জল হক, রেজিস্ট্রার খুরশিদুর রহমান ও পিইউডিএস-এর মডারেটর সঞ্জয় বিশ্বাস। সভাপতিত্ব করেন চিফ মডারেটর জুলিয়া পারভিন।

উদ্বোধক ও প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন 'বিতর্ক ও জ্ঞানের ভিত্তি হলো যুক্তি' উল্লেখ করে বলেন, সভ্যতার সূচনা ও সভ্যতার অগ্রগতির সঙ্গে যুক্তির একটা বড়ো সম্পর্ক রয়েছে। যুক্তি সত্যকে এগিয়ে নিয়ে যায়। আমরা কার্যকারণের বলি; কারণ কাজের পেছনেও একটা কারণ থাকে। এটা হলো যুক্তি।

উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পিইউডিএস এর মডারেটর হিল্লোল সাহা, নিলুফার সুলতানা, মিনহাজ হোসেন, সাইফুদ্দিন মুন্না, ফারিয়া হোসেন বর্ষা, দুহিতা চৌধুরী, তানিয়াহু মাহমুদা তিনু, পিইউডিএস-এর সহ-সভাপতি মো. জোনায়েদ ও সাধারণ সম্পাদক মেহেদী রহমান নিকাশ। দেশের ২৪টি স্কুল, ১২টি কলেজ ও ৩২টি বিশ্ববিদ্যালয় নিয়ে শুরু হয়েছে এবারের আয়োজন। আগামী ৪ মার্চ প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে এই প্রতিযোগিতার সমাপনী ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হবে। বিজ্ঞপ্তি